

হেইট ক্রাইম কি?

নিউইয়র্ক সিটির পুলিশ বিভাগ নিউইয়র্ক স্টেটের সংবিধান অনুযায়ী নিম্নলিখিতভাবে হেইট ক্রাইমের ব্যাখ্যা দিয়েছে:

"কোন ব্যক্তির কিংবা গোষ্ঠীর গায়ের রং, ধর্ম, জাতীয়তা, লিঙ্গ, সমকামীতা, বয়স, শারিরিক অক্ষমতা ইত্যাদি কারণে সেই ব্যক্তি বা গোষ্ঠীর সাথে নির্মমভাবে পক্ষপাতমূলক আচরণ করা এবং আঘাত করা ঘৃণ্যতম অপরাধের (হেইট ক্রাইম) এর পর্যায়ে পরে। তবে কোনটা কোন ধরনের হেইট অপরাধ তা সিদ্ধান্ত নেবার দায়িত্ব হেইট ক্রাইম টাস্কফোর্সের পুলিশ প্রধানের।"

হেইট ক্রাইম একটি ঘৃণ্যতম অপরাধ। যারা এই অপরাধের শিকার হন তারা মানসিকভাবেও খুব আঘাত প্রাপ্ত হন। কারো উপরে এই ধরনের আঘাত খুবই ধ্বংসাত্মক। একটা মানুষের বিশ্বাসের উপরে অন্যায়ভাবে আঘাত করলে সে আঘাত মানসিকভাবে অনেক ক্ষতির কারণ হয়।

নিউইয়র্ক সিটি পুলিশ বাহিনী সব ধরনের হেইট ক্রাইম খুবই গুরুত্বের সাথে নিয়ে থাকে। হেইট ক্রাইম টাস্কফোর্স এই অপরাধকে খুবই তৎপরতার সাথে তদন্ত করছে।

বাক স্বাধীনতা বনাম হেইট ক্রাইম

আমেরিকার সংবিধান আমাদের বাক স্বাধীনতাকে সংরক্ষণ করে। প্রতিটি নাগরিকের তাদের ভাললাগা, না ভাললাগা বলার অধিকার রয়েছে সেটা যতই ক্রটিপূর্ণ হোক না কেন।

তবে এই বাক স্বাধীনতা মাঝে মধ্যে হেইট ক্রাইমের পর্যায়ে চলে যায়। যদিও বাক স্বাধীনতা'র ব্যাখ্যার মধ্যে কিছুটা দ্বিধাযুক্ত আছে, কিন্তু কাউকে শুধুই আঘাত করে কথা বলা অসাংবিধানিক নয়। তবে কেউ যদি কাউকে তার চেহারা কিংবা সে কোন বংশভূত সেটা নিয়ে আঘাত করে তবে তা হেইট ক্রাইম এর পর্যায়ে পরে।

উদাহরণ স্বরূপ, কেউ যদি কারও নাম ভুলভাবে ডাকেন, তাহলে সেটা কোন অপরাধ নয়; কিন্তু কেউ যদি কাউকে ঘৃণ্যভাবে/বিক্রমভাবে নাম ধরে ডাকেন যাতে তার বর্ণবাদে অথবা বিশ্বাসে আঘাত হানে, অথবা শারিরিকভাবে আঘাত করে, তাহলে তা হেইট ক্রাইমের পর্যায়ে পরে।

হেইট ক্রাইম কিভাবে রিপোর্ট করতে হয়?

পুলিশ বাহিনী যেইভাবে সব ধরনের অপরাধের তদন্ত করে থাকে, হেইট ক্রাইম এর ব্যতিক্রম নয়। এখানে বলা হয়েছে, যদি কোন গুরুতর অপরাধ হতে দেখেন তাহলে সাথে সাথে ৯১১ কল করুন। আর যদি অপরাধ গুরুতর না হয় অথবা অতীতের ঘটনা হয় তাহলে আপনার নিকটস্থ থানায় রিপোর্ট করুন। রিপোর্ট নিতে যে অফিসার যাবেন, তিনি তাৎক্ষণিকভাবে তদন্ত করতে শুরু করবেন। যদি মনে করা হয় এই অপরাধ হেইট ক্রাইমের পর্যায়ে পরে, তাহলে হেইট ক্রাইম টাস্ক ফোর্সকে জানাতে হবে।

হেইট ক্রাইমের গোয়েন্দা বিভাগ এই অপরাধ নিয়ে তদন্ত করতে শুরু করবে কোন ধরনের বিলম্বনা না করে।

হেইট ক্রাইমের শিকার ব্যক্তির নিশ্চিত থাকতে পারেন যে - স্থানীয় থানা, থানা কমিউনিটি অফিসার, অথবা হেইট ক্রাইম টাস্কফোর্স খুবই গুরুত্বের সাথে এ বিষয়ে তদন্ত করে থাকেন। কোন ব্যক্তি যদি আমেরিকার লিগ্যাল অভিবাসী নাও হন সেও হেইট ক্রাইমের ব্যাপারে পুলিশ রিপোর্ট করতে পারবে।

এন ওয়াই পি ডি হেইট ক্রাইম টাস্কফোর্স প্রতিশ্রুত যে নিউইয়র্ক সিটির সকল হেইট ক্রাইম খুবই গুরুত্বের সাথে তদন্ত করা হবে।

Deputy Inspector Mark Magrone
Commanding Officer,
Hate Crime Task Force

হেইট ক্রাইম টাস্কফোর্স কি?

হেইট ক্রাইম টাস্কফোর্সের গোয়েন্দারা শুধুই হেইট ক্রাইমের শিকার যেসব ব্যক্তির তাদের নিয়ে কাজ করে থাকেন, নিইইয়র্ক সিটির সমস্ত হেইট ক্রাইমের ঘটনা দেখার দায়িত্ব এই অফিসের তদন্তকারীদের।

এই অফিস এন ওয়াই পি ডি'র স্পেশাল ভিকটিম স্কোয়াডের একটি শাখা।



NEW YORK CITY POLICE DEPARTMENT
HATE CRIME TASK FORCE
19½ PITT STREET 3RD FLOOR
NEW YORK, NY 10002

TELEPHONE:
1-888-440-HATE

E-MAIL:

hctf@nypd.org

মনে রাখবেন

যদি কখনও কোন ধরনের অপরাধ ঘটেতে দেখেন অথবা কোন জরুরী
প্রয়োজন মনে করেন সাথে সাথে ৯১১ কল করুন।

আর যদি অপরাধ সামান্যতম হয় তাহলে নিকটস্থ থানায় যোগাযোগ
করুন।

NEW YORK CITY
POLICE DEPARTMENT



**Hate Crime
Task Force**



DETECTIVE BUREAU



KEEPERS OF THE PEACE